

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৪৫৪

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৬. অসুস্থ ব্যক্তির মোক্তাদীর সাথে বসে নামায পড়া

بَابُ صَلَاةِ الْمَريضِ جَالِسًا بِالْمَأْمُومِينَ

## আরবী

حَدَّتَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، ثَنَا أَبُو هِشَامٍ الرِّفَاعِيُّ ، ثَنَا يَحْيَى بْنُ آدَمَ ، ثَنَا قَيْسٌ عَنْ عَبْدِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي السَّفَرِ عَنِ الْأَرْقَمِ بْنِ شُرَحْبِيلَ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ الْعَبَّاسِ بْنِ عَبْدِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي السَّفَرِ عَنِ الْأَدُ عَلَيْهِ وَسَلَّمَ \_ قَالَ فِي مَرَضِهِ : " مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصلِّ الْمُطَّلِبِ أَنَّ النَّبِيُّ \_ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ خِفَّةً فَخَرَجَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ ، بِالنَّاسِ " . وَوَجَدَ النَّبِيُّ \_ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ خِفَّةً فَخَرَجَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ ، فَلَا اللهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ خِفَّةً فَخَرَجَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ ، فَتَأَخَّرَ أَبُو بَكْرٍ ، فَأَشَارَ إِلَيْهِ مَكَانَكَ فَجَاءَ فَجَلَسَ إِلَى جَنْبِ أَبِي بَكْرٍ فَقَرَأً مِنَ الْمَكَانِ اللَّذِي انْتَهَى أَبُو بَكْرٍ مِنَ السُّورَةِ

## বাংলা

১৪৫৪(৫). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আল-আব্বাস ইবনে আবদুল মুণ্ডালিব (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার অসুস্থ অবস্থায় বললেনঃ তোমরা আবু বাকরকে লোকদের নিয়ে নামায পড়তে বলো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিছুটা সুস্থতা বোধ করলে দুই ব্যক্তির কাঁধে ভর দিয়ে মসজিদে গেলেন। আবু বাকর (রাঃ) সরে যেতে চাইলে তিনি ইশারায় তাকে নিজ স্থানে থাকতে বলেন। তিনি এসে আবু বাকর (রাঃ)-এর পাশে বসেন এবং আবু বাকর (রাঃ) যে পর্যন্ত কুরআন পড়েছেন তিনি সেখান থেকে কিরাআত আরম্ভ করেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আব্বাস ইবনু আবদুল মুত্তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন